



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর (ডিএলএস)
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫



পশু খাদ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানে টিএমআর (TMR) তৈরির জন্য সরকারী অনুদানের বিজ্ঞপ্তি

আবেদনের শেষ তারিখ: ২০/০৫/২০২৪ খ্রি.


মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ধীন প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)” এর আওতায় আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তি ব্যবহার করে উন্নতমানের পশুখাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণে (TMR তৈরির জন্য) ক্ষুদ্র/মাঝারি উদ্যোক্তাদের ম্যাচিং গ্রান্টের আওতায় অনুদান প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পার্বত্য অঞ্চলের তিনটি জেলা ব্যতীত দেশের ৬১টি জেলায় মোট ৩৮০ জন উদ্যোক্তাকে রাফেজ, সাইলেজ, দানাদার, ভিটামিন/খনিজ দ্রব্য ব্যবহারের মাধ্যমে টিএমআর (TMR) তৈরির উদ্যোগে এ সহায়তা প্রদান করা হবে।

এ লক্ষ্যে আগ্রহী উদ্যোক্তাদের নিকট থেকে নির্ধারিত ফরমেটে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। প্রাপ্ত আবেদনপত্রসমূহ নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে মূল্যায়নের মাধ্যমে সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত উদ্যোক্তাদেরকে পরবর্তীতে নির্ধারিত ফরমেটে ব্যবসা পরিকল্পনা দাখিল করতে হবে। অতঃপর দাখিলকৃত ব্যবসা পরিকল্পনা যথাযথ মূল্যায়ন পূর্বক চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত উদ্যোক্তার প্রস্থাবিত মোট বাজেটের সর্বোচ্চ চল্লিশ ভাগ অর্থ প্রকল্প থেকে অনুদান হিসেবে প্রদান করা হবে। উল্লেখ্য, ব্যবসা পরিকল্পনার বিপরীতে উক্ত ম্যাচিং গ্রান্টের পরিমাণ অনধিক চার লক্ষ পনের হাজার টাকা।

আবেদনকারীর যোগ্যতাঃ

১. আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক হতে হবে।
২. আবেদনকারীর ব্যবসা গবাদি পশুর খাদ্য সংক্রান্ত হতে হবে। এবং উৎপাদন কার্যক্রম প্রকল্পের আওতাভুক্ত এলাকায় অবস্থিত হতে হবে;
৩. সংক্ষিপ্ত তালিকাভুক্ত হলে ব্যবসা পরিকল্পনা দাখিলের সময় আবেদনকারীর বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন (TIN) সার্টিফিকেট (যদি থাকে) দাখিল করতে হবে;
৪. আবেদনপত্রে প্রস্থাবিত মোট বাজেটের কমপক্ষে শতকরা ৬০ ভাগ অর্থ আবেদনকারীকে বহন করতে হবে;
৫. আবেদনকারীকে বেসরকারি উদ্যোক্তা হতে হবে।
৬. পাবলিক লিমিটেড কোম্পানি এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না;
৭. ম্যাচিং গ্রান্ট প্রাপ্তির জন্য মহিলা উদ্যোক্তাদের বিশেষভাবে উৎসাহিত করা হচ্ছে।

আগ্রহী উদ্যোক্তাদেরকে আগামী ২০/০৫/২০২৪ খ্রি. অফিস চলাকালিন সময়ের মধ্যে নির্ধারিত ফর্মে আবেদনপত্র নিম্নোক্ত ঠিকানায় জমা দেওয়ার অনুরোধ করা হচ্ছে। আবেদনের ফর্ম এবং বিস্তারিত শর্তাবলী প্রকল্পের পোর্টাল <https://liddp.portal.gov.bd> অধিদপ্তরের ওয়েবসাইট www.dls.gov.bd, মন্ত্রণালয়ের ওয়েবসাইট <https://mofl.gov.bd> এবং প্রকল্প পরিচালক দপ্তরে পাওয়া যাবে।


০৫/০৫/২০২৪

মোঃ আব্দুর রহিম
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
ফোন: ০২-৫৮১৫৪৯১৩
ই-মেইল: liddp@dls.gov.bd



প্রাণিসম্পদ ভবন-২ (৭ম তলা)
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫